

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mora.gov.bd

নম্বর-১৬.০০.০০০০.০০১.১১.০০২.১৫. ১৭৬

তারিখ : ১৭ মাঘ, ১৪২৪
৩১ জানুয়ারি, ২০১৮


নিয়োগপত্র

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত “সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর” পদে নিম্নবর্ণিত প্রার্থীগণকে “বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪” অনুযায়ী তাদের নামের পাশে উল্লেখিত বেতন স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হ’ল :

ক্রমিক	প্রার্থীর রোল নম্বর	প্রার্থীর নাম ও পিতা-মাতার নাম	স্থায়ী ঠিকানা	বেতনস্কেল (২০১৫)
০১.	১০১৭	তানিয়া আক্তার পিতা-আক্বাস আলী মাতা-সালেহা বেগম	বাসা/সড়ক-১০ নং গ্রাম-নতুন রায়ের চর ডাকঘর : আটি-১৩১২, উপজেলা-কেরানীগঞ্জ, জেলা-ঢাকা।	টা : ১১,০০০-২৬,৫৯০/- (১৩তম গ্রেড)
০২.	৪৮১	মো: দেলোয়ার হোসেন পিতা-মো: শহীদ উল্লা মাতা-সুলতানা বেগম	গ্রাম-মধ্য কাউন্দিয়া, ডাকঘর : মিরপুর বাজার, উপজেলা-সাভার, জেলা-ঢাকা	টা : ১১,০০০-২৬,৫৯০/- (১৩তম গ্রেড)
০৩.	২৫৩	মো: মাইনুল ইসলাম পিতা-মো: মনিরুল ইসলাম মাতা-শাহানা ইসলাম	বি/৮৮, বায়েজীদ বোসামী রোড, গ্রাম/মহল্লা-দাপা ইদ্রাকপুর, ডাকঘর : ফতুল্লা-১৪২১, উপজেলা-ফতুল্লা, জেলা-নারায়ণগঞ্জ।	টা : ১১,০০০-২৬,৫৯০/- (১৩তম গ্রেড)

নিয়োগের শর্তাবলী :

০১. যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।
 ০২. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করে যে, তার/তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার/তাদের চাকরির অবসান ঘটাতে পারবে।
 ০৩. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে অথবা নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের স্থায়ী ঠিকানা/শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
 ০৪. নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণকে নিজ ব্যবস্থাপনায় সংগৃহীত সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। উক্ত সনদপত্রে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
 ০৫. যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে।
 ০৬. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ বিষয় সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত হবে।
 ০৭. চাকরিতে তার/তাদের জ্যেষ্ঠতা উপর্যুক্ত তালিকার ক্রমানুসারে নির্ধারিত হবে।
 ০৮. চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০২। উল্লিখিত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৫/০২/২০১৮ খ্রি. তারিখের মধ্যে উপসচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।


৩৩/০১/১৮
(মো: সাখাওয়াত হোসেন)
উপসচিব

ফোন: ৯৫৭৬৬৬০

ফ্যাক্স : ৯৫১২২৮৬

ই-মেইল : moragovbd@gmail.com


অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নম্বর-১৬.০০.০০০০.০০১.১১.০০২.১৫. ১৭৬

তারিখ : ১৭ মাঘ, ১৪২৪
৩১ জানুয়ারি, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
০৪. যুগ্মসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৬. ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৭. সিভিল সার্জন,
০৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৯. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. হিসাবরক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. জনাব/বেগম
১৩. অফিস কপি/মাস্টার ফাইল।


৩০/০১/১৮
(মো: সাখাওয়াত হোসেন)
উপসচিব